



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়



চাটখিল পাঁচগাঁও মাহবুব সরকারি কলেজ

চাটখিল, নোয়াখালী।

ওয়েব সাইট: www.cpmgc.edu.bd

Email: chatkhilcollege2023@gmail.com ফোনঃ ০৩২২২৭৫০০২

পত্রসংখ্যা: সিপিসি/২০২৬/

তারিখ: ৩০/০৩/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানের খেলার মাঠ সংরক্ষণ, ব্যবহার নিশ্চিতকরণ ও দৈনন্দিন খেলাধুলা কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্মারক নং: ৩৭.০০.০০০০.০৯৫.২২.১৮৬.২৮-৯২, তারিখ: ২৮ মার্চ ২০২৬ অনুসারে, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে খেলার মাঠ সংরক্ষণ, তার সঠিক ব্যবহার নিশ্চিতকরণ এবং নিয়মিত খেলাধুলা কার্যক্রম পরিচালনার নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা অনুযায়ী অত্র কলেজের খেলার মাঠকে সংরক্ষণ করা এবং শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশের নিমিত্তে নিয়মিত খেলাধুলার সুযোগ নিশ্চিত করার লক্ষ্যে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়েছে।

১. খেলার মাঠ সংরক্ষণ ও ব্যবহার নিশ্চিতকরণ:

- কলেজের খেলার মাঠ কোনভাবেই অন্য কোন কাজে (যেমন: মেলা, সভা, পার্কিং, নির্মাণ কাজ ইত্যাদি) ব্যবহার করা যাবে না।
- মাঠের ঘাস, মাটি ও সীমানা সংরক্ষণ করতে হবে। মাঠের কোন অংশে আবর্জনা ফেলা বা ক্ষতি করা সম্পূর্ণ নিষিদ্ধ।
- মাঠের চারপাশে বেড়া/সীমানা অক্ষত রাখতে সকল শিক্ষার্থীকে সচেতন থাকতে হবে।

২. খেলাধুলা কার্যক্রম বাস্তবায়ন:


- প্রতি সপ্তাহে নির্ধারিত দিনে (বিশেষ করে ছুটির দিন ব্যতিত) কলেজের খেলার মাঠে বিভিন্ন খেলাধুলা (ফুটবল, ক্রিকেট, ভলিবল, ব্যাডমিন্টন, হ্যান্ডবল ইত্যাদি) এর আয়োজন করতে হবে।
- প্রতিটি শ্রেণির শিক্ষার্থীদের জন্য নির্দিষ্ট সময়সূচি তৈরী করা হবে।
- শারীরিক শিক্ষার শিক্ষক/শিক্ষিকা/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের তত্ত্বাবধানে খেলাধুলা পরিচালিত হবে।

৩. শিক্ষার্থীদের করণীয়:

- খেলাধুলায় অংশগ্রহণকে উৎসাহিত করা হবে। সকল শিক্ষার্থীকে নিয়মিত খেলাধুলায় অংশ নিতে অনুরোধ করা হচ্ছে।

- খেলার সময়ে শৃঙ্খলা বজায় রাখতে হবে। অন্য শিক্ষার্থীদের খেলায় বাধা দেওয়া যাবে না।
- খেলার সরঞ্জামাদি (বল, ব্যাট, নেট ইত্যাদি) সঠিক ভাবে ব্যবহার করতে হবে এবং খেলা শেষে সেগুলো যথাস্থানে জমা দিতে হবে।
- মাঠে খেলার সময় ইউনিফর্ম বা সুবিধাজনক পোশাক পরিধান করতে হবে।
- কোন শিক্ষার্থী যদি মাঠ বা খেলার সরঞ্জামের ক্ষতি করে, তাহলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সকল শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারীকে উক্ত নির্দেশনা যথাযথভাবে পালন করার জন্য অনুরোধ করা হলো। খেলাধুলা শুধু শারীরিক সুস্থতার জন্য নয়, বরং শৃঙ্খলা, নেতৃত্ব, দলীয় সহযোগিতা ও মানসিক স্বাস্থ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

 ১৩.০৬.২১

প্রফেসর মোঃ মনজুর আহমেদ ভূঁইয়া-১২৭৩৭

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

চাটখিল পাঁচগাঁও মাহবুব সরকারি কলেজ

চাটখিল, নোয়াখালী।

বিতরণ:

১. সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপক/প্রভাষক (সকল), অত্র কলেজ।
২. প্রশাসনিক কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, (সংযুক্ত: অত্র কলেজ)।
৩. সরকারি কর্মচারী (সকল), অত্র কলেজ।
৪. বেসরকারি কর্মচারী (সকল), অত্র কলেজ।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
৫. উপপরিচালক, (শারীরিক শিক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটখিল, নোয়াখালী।
৭. সংরক্ষণ নথি।